

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২৩-২৪ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dife.gov.bd

নং-৪০.০১.০০০০.১০১.১৮.০০২.১৬-৭৫

তারিখ: ১৪/০১/২০১৭
১৪২৩ বঙ্গাব্দ
২৪/০১/২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের গত ১৭ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের প্রজ্ঞাপন নং-প্রশা:-১৭/কা:প:এ:ব/২০১৪/মহা সংশোধন করে ২৩ (তেইশ)টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের নামের পার্শ্বে বর্ণিত জেলাসমূহের সমন্বয়ে সংশ্লিষ্ট দপ্তর সমূহের অধিক্ষেত্র নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো। উক্ত দপ্তরসমূহে কর্মরত পরিদর্শকগণ নির্ধারিত অধিক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ মোতাবেক তাদের ক্ষমতা ও দায়িত্ব পালন করবেন।

ক্র.নং	কার্যালয়ের নাম	অধিক্ষেত্র
১	উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা	ঢাকা জেলার সমগ্র এলাকা।
২	উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর	গাজীপুর জেলার সমগ্র এলাকা।
৩	উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ জেলার সমগ্র এলাকা।
৪	উপমহাপরিদর্শকের কার্যালয়, মুন্সিগঞ্জ	মুন্সিগঞ্জ জেলার সমগ্র এলাকা।
৫	উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর	গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ি এবং ফরিদপুর জেলার সমগ্র এলাকা।
৬	উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদী	নরসিংদী জেলার সমগ্র এলাকা।
৭	উপমহাপরিদর্শকের কার্যালয়, কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ এবং ব্রাহ্মণবাড়ীয়া জেলার সমগ্র এলাকা।
৮	উপমহাপরিদর্শকের কার্যালয়, ময়মনসিংহ	ময়মনসিংহ, শেরপুর, জামালপুর এবং নেত্রকোনা জেলার সমগ্র এলাকা।
৯	উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল	টাঙ্গাইল এবং মানিকগঞ্জ জেলার সমগ্র এলাকা।
১০	উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম	চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান এবং কক্সবাজার জেলার সমগ্র এলাকা।
১১	উপমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লা	কুমিল্লা, চাঁদপুর, ফেনী, লক্ষীপুর এবং নোয়াখালী জেলার সমগ্র এলাকা।
১২	উপমহাপরিদর্শকের কার্যালয়, সিলেট	সিলেট এবং সুনামগঞ্জ জেলার সমগ্র এলাকা।
১৩	উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার	মৌলভীবাজার এবং হবিগঞ্জ জেলার সমগ্র এলাকা।
১৪	উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা	খুলনা, বাগেরহাট এবং সাতক্ষীরা জেলার সমগ্র এলাকা।
১৫	উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর	যশোর, নড়াইল, মাগুরা এবং ঝিনাইদহ জেলার সমগ্র এলাকা।
১৬	উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া	কুষ্টিয়া, মেহেরপুর এবং চুয়াডাঙ্গা জেলার সমগ্র এলাকা।
১৭	উপমহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল	বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, ঝালকাঠি এবং পিরোজপুর জেলার সমগ্র এলাকা।
১৮	উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজশাহী	রাজশাহী, নওগাঁ এবং চাঁপাইনবাবগঞ্জ জেলার সমগ্র এলাকা।
১৯	উপমহাপরিদর্শকের কার্যালয়, পাবনা	পাবনা ও নাটোর জেলার সমগ্র এলাকা।
২০	উপমহাপরিদর্শকের কার্যালয়, সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ জেলার সমগ্র এলাকা।
২১	উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া	বগুড়া এবং জয়পুরহাট জেলার সমগ্র এলাকা।
২২	উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর	রংপুর, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম এবং গাইবান্ধা জেলার সমগ্র এলাকা।
২৩	উপমহাপরিদর্শকের কার্যালয়, দিনাজপুর	দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় জেলার সমগ্র এলাকা।

০২। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ৩১৮(৫) ধারার ক্ষমতাবলে এলাকা বন্টনপূর্বক তাঁর ক্ষমতা অর্পণ করে এ আদেশ জারী করা হলো।

০৩। পরিদর্শকগণ ৩১৯ (৫) ধারা মোতাবেক ক্ষমতা প্রয়োগ করবেন।

০৪। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সৈয়দ আহম্মদ
(সৈয়দ আহম্মদ) ২৪.১.২০১৭

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৫৫০১৩৬২৬

E-mail: chiefdife@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)/ডিআইজি (সকল রেঞ্জ)
০৪. অতিরিক্ত মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
০৫. মহাপরিচালক, ফয়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।
০৬. শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।
০৭. মহাপরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটিকর্পোরেশন (সকল)
০৯. পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা, (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হলো।
১০. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১. জেলা প্রশাসক, (সকল জেলা)
১২. পুলিশ সুপার, (সকল জেলা)
১৩. যুগ্ম-মহাপরিদর্শক, সাধারণ/প্রশাসন/স্বাস্থ্য, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
১৪. উপমহাপরিদর্শক, সেইফটি/সাধারণ, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
১৫. উপ মহাপরিদর্শক, ঢাকা/ নারায়ণগঞ্জ/ গাজীপুর/ ময়মনসিংহ/টাঙ্গাইল/ কিশোরগঞ্জ/ রংপুর/কুমিল্লা/ ফরিদপুর/ নরসিংদী/সিরাজগঞ্জ/ যশোর/ রাজশাহী/ বগুড়া/ মুন্সিগঞ্জ/ বরিশাল/ মৌলভীবাজার/ কুষ্টিয়া/ পাবনা/ চট্টগ্রাম/ দিনাজপুর/ খুলনা/ সিলেট।
১৬. সহকারী মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
১৭. আইটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো।)